

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৩৮০

আগরতলা, ২৯ ডিসেম্বর, ২০২৩

### জল জীবন মিশন

#### পশ্চিম ত্রিপুরা জেলায় ২৮টি গভীর নলকূপ চালু

পশ্চিম ত্রিপুরা জেলার বিভিন্ন ব্লকে চলতি অর্থবছরে জল জীবন মিশনে ৪১ টি গভীর নলকূপ খনন ও চালু করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। ইতিমধ্যে ২৮টি গভীর নলকূপ খনন ও চালু করা হয়েছে। এই গভীর নলকূপগুলির মধ্যে পুরাতন আগরতলা ব্লকে ৪টি, বেলবাড়ি ব্লকে ১১টি, মান্দাই ব্লকে ১২টি এবং জিরানীয়া ব্লকে ১টি গভীর নলকূপ খনন ও চালু করা হয়েছে। মান্দাই ব্লকে ৪টি, জিরানীয়া ব্লকে ১টি ও বেলবাড়ি ব্লকে ১টি গভীর নলকূপ খননের কাজ শেষ করা হয়েছে। চালু করার প্রক্রিয়া চলছে। জেলার হেজামারা ব্লকেও ৭টি গভীর নলকূপ খনন করা হবে। পশ্চিম জেলা পানীয়জল ও স্বাস্থ্য বিধান কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*